গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৬.২৩-৬২০

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১
১২ মে ২০২৪

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব মোঃ ইমরোজ মুজিব, বগুড়া জেলার শেরপুর পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে উক্ত পৌরসভার মালিকানাধীন ধুনট মোড় বাস টার্মিনাল সংলগ্ন দোকান বরাদ্দের সেলামী বাবদ ২ লক্ষ টাকা এবং ধুনট মোড় বাইতুন নূর মসজিদের দক্ষিণে জমি লীজ প্রদান বাবদ ৫ লক্ষ টাকাসহ মোট ৭ লক্ষ টাকা পৌর রাজস্ব তহবিলে জমা প্রদান না করে আত্মসাৎ করার সাথে সংশ্লিষ্ট থাকার অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর উক্ত কার্যক্রমের ফলে শেরপুর পৌরসভার উন্নয়নমূলক কাজের স্বাভাবিক গতি ব্যাহত হয়েছে;

যেহেতু, তাঁর উপর্যুক্ত কার্যকলাপ পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ), (চ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী বিধি ৪০ বা ৪১ এর অধীনে কোন কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা থাকিলে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজনীয় বা সমীচীন মনে করিলে তাহাকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে;

যেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (ক), (খ), (চ) অনুযায়ী তাঁর বিরুদ্ধে উপর্যুক্ত অভিযোগের দায়ে গুরুদণ্ড প্রদানের সম্ভাবনা রয়েছে মর্মে সরকার মনে করে;

সেহেতু, পৌরসভা কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪৬(১) অনুযায়ী , জনাব মোঃ ইমরোজ মুজিব, পৌর নির্বাহী কর্মকর্তা, শেরপুর পৌরসভা, বগুড়া-কে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২।০৫।২০২৪
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৬.২৩-৬২০/১(৯)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩১
১২ মে ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মেয়র, শেরপুর পৌরসভা, বগুড়া
৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮। জনাব মোঃ ইমরোজ মুজিব, পৌর নির্বাহী কর্মকর্তা (সাময়িক বরখাস্তকৃত), শেরপুর পৌরসভা, বগুড়া
৯। অফিস কপি।

১২।০৫।২০২৪
মো: আব্দুর রহমান
উপসচিব